দৈনিক খবর

তারিখ 16 NOV 1992
পৃষ্ঠা ৬ কলাম ২

04

# শিক্ষা বিস্তারের ওপর রাষ্ট্রপতির গুরুত্বারোপ

বাসস জানায় ঃ রাষ্ট্রপতি আবদুর রহমান বিশ্বাস শিশুদের দেশের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তোলার জন্য শিক্ষা বিস্তার এবং এর গুণগত মানোন্নয়নের ওপর গুরুত্বারোপ করেছেন

রাষ্ট্রপতি গতকাল বাংলাদেশ কিন্ডার গার্টেন এসোসিয়েশনের ১১ সদস্যের একটি প্রতিনিধি দলের সঙ্গে আলাপকালে একথা বলেন। এসোসিয়েশনের সদস্যরা গতকাল বঙ্গভবনে রাষ্ট্রপতি আবদুর রহমানের সঙ্গে দেখা করতে যান তিনি ত্যাগের মনোভাব নিয়ে কাজ করার জন্য শিক্ষকদের প্রতি আহবান জানান

প্রতিনিধি দলের নেতৃত্ব দেন এসোসিয়েশনের চেয়ারপারসন মিসেস তাহেরা খানম। প্রতিনিধি দল তাদের কিছু সমস্যা চিহ্নিত করে রাষ্ট্রপতির কাছে একটি স্মারকলিপি দেন। রাষ্ট্রপতি সমস্যাগুলো বিবেচনা করবেন বলে আশ্বাস দেন